গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
**www.shed.gov.bd**

স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.৪৪.০২৩.১৬.১৪৩

তারিখ: ২৫ আষাঢ় ১৪৩০ / ০৯ জুলাই ২০২৩

বিষয়: দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে 'মাদককে না বলা' কর্মসূচি বাস্তবায়ন।

সূত্র: (১) সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং: ৫৮.০০.০০০০.০৬২.০১০.০০৭.১৫.৪৭, তারিখ: ২৬ জুন, ২০২৩

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ৩০.০৭.২০২৩ খ্রিষ্টাব্দ তারিখ সকাল ১০:৩০ ঘটিকায় দেশের ৪টি বিভাগীয় শহরের ০৪টি শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র-ছাত্রীদের সাথে মাননীয় মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয় অনলাইনে যুক্ত হয়ে 'মাদককে না বলা' কর্মসূচি বাস্তবায়নে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ থেকে ০৪ (চার) টি শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচন করে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ এবং প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের অনুরোধ জানানো হয়েছে।

২। এমতাবস্থায়, দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে 'মাদককে না বলা' কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে দেশের ০৪টি বিভাগীয় শহরের ০৪ (চার) টি শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচন করে জরুরীভিত্তিতে নামের তালিকা প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

০৯/০৭/২০২৩
(মোঃ মিজানুর রহমান)
উপসচিব
ফোন: ৯৫৪৫০৩২
nongovt.secondary.sec1@shed.gov.bd

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.৪৪.০২৩.১৬.১৪৩

তারিখ: ২৫ আষাঢ় ১৪৩০ / ০৯ জুলাই ২০২৩

**সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
২। মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ৪১, সেগুনবাগিচা, ঢাকা।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৪। যুগ্মসচিব, (বেসরকারি মাধ্যমিক অধিশাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়। (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬। অতিরিক্ত সচিব (মাধ্যমিক-২) এর ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৭। অফিস কপি।

০৯/০৭/২০২৩
(মোঃ মিজানুর রহমান)
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
মাদক-২ শাখা
www.ssd.gov.bd

নং-৫৮.০০.০০০০.০৬২.০১০.০০৭.১৫-৪৭ | তারিখঃ ১২ আষাঢ়, ১৪৩০ / ২৬ জুন, ২০২৩

বিষয়ঃ দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে 'মাদককে না বলা' কর্মসূচি বাস্তবায়ন।

সূত্রঃ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের স্মারক নং-৫৮.০২.০০০০.০০৭.০৬.০০৭.১৫-৫৭৫; তারিখ: ১৪/০৬/২০২৩ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাদকবিরোধী সচেতনতা সৃষ্টি এবং সামাজিক আন্দোলন সংক্রান্ত কমিটির গত ১৭ মে, ২০২৩ তারিখ সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ মহোদয়ের সভাপতিত্বে ৫ম সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার আলোচনা ও সিদ্ধান্ত মোতাবেক 'মাদককে না বলা' কর্মসূচি বাস্তবায়নে আগামি ৩০ জুলাই, ২০২৩ তারিখ সকাল ১০:৩০ ঘটিকায় দেশের ০৪টি বিভাগীয় শহরের ০৪টি শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র-ছাত্রীদের সাথে মাননীয় মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয় অনলাইনে যুক্ত হওয়ায় বিষয়ে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ থেকে শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচন এবং এ বিষয়ে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

০২। বর্ণিতাবস্থায়, 'মাদককে না বলা' কর্মসূচি বাস্তবায়নে আগামি ৩০ জুলাই, ২০২৩ তারিখে মাননীয় মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয় দেশের ০৪টি বিভাগীয় শহরের ০৪টি শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের সাথে অনলাইনে যুক্ত হওয়ার বিষয়ে ০৪টি বিভাগীয় শহরের ০৪ (চার)টি শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচন করে নামের তালিকা এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে .......................ফর্দ।

২৬/৬/২০২৩
(মুহাম্মদ আবদুর রউফ মিয়া)
উপসচিব
ফোনঃ ২২৩৩৫৩২২৯

সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

১। মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ৪১ সেগুনবাগিচা, ঢাকা।
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৩। সচিবের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব (মাদক অনুবিভাগ) এর ব্যক্তিগত কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৫। অফিস কপি/মাস্টার কপি।

মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস ২০২৩ এর আলোচনা সভা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠান

তারিখঃ ৩০ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ।

| তারিখ ও বার | সময় | বিবরণ | অনুষ্ঠানস্থল |
|---|---|---|---|
| ৩০ জুলাই ২০২৩ রবিবার | সকাল- ০৯.৩০ মিঃ | অতিথিবৃন্দের আসন গ্রহণ | বাংলাদেশ শিল্পকলা একাডেমি সেগুনবাগিচা, ঢাকা। |
| | সকাল- ০৯.৫০ মিঃ | **প্রধান অতিথির আগমনঃ**<br>বীর মুক্তিযোদ্ধা জনাব আসাদুজ্জামান খাঁন, এমপি।<br>মাননীয় মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয়। | |
| | সকাল- ১০.০০ মিঃ | জাতীয় সংগীত। | |
| | সকাল- ১০.০৫ মিঃ | পবিত্র কোরআন থেকে তেলাওয়াত এবং পবিত্র গীতা, বাইবেল ও ত্রিপিটক থেকে পাঠ। | |
| | সকাল- ১০.২০ মিঃ | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মহাপরিচালক জনাব মোঃ আবদুল ওয়াহাব ভূঞা এঁর স্বাগত বক্তব্য। | |
| | সকাল- ১০.৩০ মিঃ | **সকল শিক্ষা প্রতিষ্ঠানে মাদককে না বলা কর্মসূচির অংশ হিসেবে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী মহোদয় কর্তৃক ০৪টি বিভাগীয় শহরের নির্বাচিত ০৪টি শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের সাথে অনলাইন প্ল্যাটফর্মে সংযুক্ত হয়ে একযোগে শপথ বাক্য পাঠ।** | |
| | সকাল- ১০.৪০ মিঃ | স্বরাষ্ট্র মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির মাননীয় সভাপতি জনাব বেনজীর আহমেদ এমপি এঁর ভাষণ। | |
| | সকাল- ১১.০০ মিঃ | মাননীয় মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক মাদকবিরোধী কার্যক্রমে বিশেষ অবদানের স্বীকৃতিস্বরূপ বিভিন্ন ব্যক্তি ও প্রতিষ্ঠানের মধ্যে সনদপত্র ও ক্রেস্ট বিতরণ। | |
| | সকাল- ১১.৩০ মিঃ | মাননীয় মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয় মহোদয় এর সাথে পুরস্কারপ্রাপ্তদের আলোকচিত্র গ্রহণ। | |
| | সকাল-১১.৩৫ মিঃ | **প্রধান অতিথির ভাষণঃ**<br>বীর মুক্তিযোদ্ধা জনাব আসাদুজ্জামান খাঁন, এমপি।<br>মাননীয় মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয়। | |
| | বেলা - ১২.০০ মিঃ | **সভাপতির ভাষণঃ**<br>স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের সচিব জনাব মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী এঁর বক্তব্য। | |
| | বেলা ১২.২০ মিঃ | অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা। | |

(মোঃ মাসুদ হোসেন)
পরিচালক (প্রশাসন, অর্থ ও পরিকল্পনা)
(অতিরিক্ত দায়িত্ব)

CS CamScanner